



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নথি নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-১৫৯

তারিখ: ১০ জুন, ২০২১  
২৭ জ্যৈষ্ঠ, ১৪২৮

### প্রেস ব্রিফিং

আজ নির্বাচন কমিশনের ৮২তম সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় সংসদের উপনির্বাচন, ইউনিয়ন পরিষদ নির্বাচন ও পৌরসভা নির্বাচনের সার্বিক প্রস্তুতির বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে আইইডিসিআর এর করোনা বিষয়ক পত্রের বিষয়ে পর্যালোচনা করা হয়। নির্বাচনের প্রস্তুতি ও আইইডিসিআর এর করোনা সংক্রান্ত পত্র পর্যালোচনার পর মাননীয় নির্বাচন কমিশন নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেন:

১। জাতীয় সংসদের উপনির্বাচন:

জাতীয় সংসদের ২৭৫ লক্ষীপুর-২ আসনের নির্বাচন ২১ জুন ২০২১ তারিখ নির্ধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। এছাড়া জাতীয় সংসদের ২৩১ সিলেট-৩, ১৮৭ ঢাকা-১৪ ও ২৫৩ কুমিল্লা-৫ শূন্য আসনের নির্বাচনে শুধুমাত্র ভোটগ্রহণের তারিখ পরিবর্তন করে ২৮ জুলাই ২০২১ নির্ধারণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম তফসিল অনুযায়ী নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হবে।


২। ইউনিয়ন পরিষদ নির্বাচন:

২১ জুন ২০২১ তারিখে নির্বাচনের জন্য নির্ধারিত ৩৬৭ টি ইউনিয়ন পরিষদের মধ্যে করোনার উচ্চঝুঁকি সম্পন্ন এলাকা খুলনা বিভাগের সকল ইউনিয়ন পরিষদ, নোয়াখালী, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার ইউনিয়ন পরিষদসহ মোট ১৬৩টি ইউনিয়ন পরিষদের নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে। এর মধ্যে রয়েছে বাগেরহাট জেলায় ৬৮টি, খুলনা জেলায় ৩৪টি, সাতক্ষীরা জেলায় ২১টি, নোয়াখালী জেলায় ১৩টি, চট্টগ্রাম জেলায় ১২টি এবং কক্সবাজার জেলায় ১৫টি ইউনিয়ন পরিষদ।

৩। পৌরসভা সাধারণ নির্বাচন:

নির্বাচনের তফসিল ঘোষিত ১১টি পৌরসভার মধ্যে দিনাজপুর জেলা সেতাবগঞ্জ ও ঝালকাঠি জেলার ঝালকাঠি পৌরসভার নির্বাচন যথাসময়ে অনুষ্ঠিত হবে। অন্য ৯টি পৌরসভা করোনার উচ্চঝুঁকি সম্পন্ন এলাকায় হওয়াতে এ সকল পৌরসভার নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে।

কঠোরভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালন করে নির্বাচনী কার্যক্রম পরিচালনা ও প্রচার-প্রচারণা করার জন্য নির্বাচন কমিশন নির্দেশ প্রদান করেছেন।

  
(এস এম আসাদুজ্জামান)  
পরিচালক (জনসংযোগ)  
ও  
যুগ্মসচিব (সিসি)  
ফোনঃ ৫৫০০৭৫২০

E:\S\W\PRV\Press Briefing\02th Commission Meeting.docx

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd